গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
(সংস্থাপন শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩০০.০১২.১১.০০২.১৯- ৪৮০

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯ / ৩১ আগস্ট ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়, উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৪.০৪.২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০১.১৬-৪৪ নং স্মারকের ছাড়পত্রের নির্দেশনা মতে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর আলোকে জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী এর সাধারণ প্রশাসনের অধীনস্থ অফিস সমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের জন্য নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে http://dcnil.teletalk.com.bd এ দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | উপ প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন পদ সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর) | ০৫ (পাঁচ) | ১১,০০০-২৬,৫৯০/- (১৩ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমান ডিগ্রী।<br>খ) শর্টহ্যান্ড প্রতি মিনিটে গতি ইংরেজি-৮০ শব্দ এবং বাংলা-৫০শব্দ।<br>গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ইংরেজি-৩০ শব্দ এবং বাংলা-২৫ শব্দ। |
| ০২ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন পদ সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর) | ০২ (দুই) | ১০,২০০-২৪,৬৮০/- (১৪ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমান ডিগ্রী।<br>খ) শর্টহ্যান্ড প্রতি মিনিটে গতি ইংরেজি-৭০ শব্দ এবং বাংলা- ৪৫শব্দ।<br>গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ইংরেজি-৩০ শব্দ এবং বাংলা-২৫ শব্দ। |
| ০৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৭ (সতের) | ৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচ এস সি/সমমান পরীক্ষায় পাশ।<br>খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলা-২০ শব্দ এবং ইংরেজি- ২০ শব্দ। |
| ০৪ | সার্টিফিকেট সহকারী | ০৩ (তিন) | ৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচ এস সি/সমমান পরীক্ষায় পাশ।<br>খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলা-২০ শব্দ এবং ইংরেজি-২০ শব্দ। |
| ০৫ | লাইব্রেরী সহকারী | ০১ (এক) | ৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড) | ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচ এস সি/সমমান পরীক্ষায় পাশ।<br>খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি বাংলা-২০ শব্দ এবং ইংরেজি-২০ শব্দ। |

### শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। ০১ ও ০২ নং পদের প্রার্থীদের ক্ষেত্রে শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপের নির্ধারিত গতি এবং ০৩, ০৪ ও ০৫ নং পদের প্রার্থীদের ক্ষেত্রে কম্পিউটার টাইপের নির্ধারিত গতি থাকতে হবে।

০৩। নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্য নীলফামারী জেলার ওয়েবসাইট (www.nilphamari.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী ও নীলফামারী জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক আবেদনকারীগণ http://dcnil.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে ০৪/০৯/২০২২ তারিখ সকাল ১০:০০ টা হতে এবং শেষ হবে ০৩/১০/২০২২ তারিখ বিকাল ৫:০০টা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন পত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০ Pixel) এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে প্রতিটি পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DCNIL<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example : DCNIL ABCDEF & send to 16222

দ্বিতীয় SMS : DCNIL<space>Yes <space> PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example : DCNIL Yes 12345678 & send to 16222

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcnil.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

- User ID জানা থাকলে DCNIL<space> Help <space> User <space>User ID & send to 16222
  Example : DCNIL Help User ABCDEF & send to 16222
- PIN Number জানা থাকলে DCNIL<space> Help <space> PIN<space> PIN No & send to 16222
  Example : DCNIL Help PIN1234567 & send to 16222

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নাম্বার থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর subject-এ Organization Name: DCNIL, Post Name : **********, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।]

০৬। **প্রার্থীর বয়সসীমা ০৪/০৯/২০২২ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে।** তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পোষ্য এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৭। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে :

(ক) সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র।

(ঙ)বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন

করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদ পত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

(চ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) ০১ ও ০২ নং পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার ও শর্টহ্যান্ড প্রশিক্ষণ সনদপত্র এবং ০৩, ০৪, ও ০৫ নং পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র।

০৯। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

১০। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল/প্রদর্শন করতে হবে।

১১। কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডি এ প্রদান করা হবে না।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩১.০৮.২০২২

(খন্দকার ইয়াসির আরেফীন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বাছাই কমিটি
নীলফামারী
☎ ০২৫৮-৯৯৫৫৩০০ (অফিস)
e-mail: dcnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
(সংস্থাপন শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩০০.০১২.১১.০০২.১৯- ৪৮০(১২০)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯
৩১ আগস্ট ২০২২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, রংপুর।

অনুলিপি অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। জেলা প্রশাসক, ...................................(সকল)।
০২। পুলিশ সুপার, নীলফামারী।
০৩। সিভিল সার্জন, নীলফামারী।
০৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, নীলফামারী।
০৫। মেয়র, ....................................(সকল), পৌরসভা, নীলফামারী [বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী।
০৮। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ............................... (সকল), নীলফামারী।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, ..........................(সকল), নীলফামারী [বিজ্ঞপ্তিটি তার অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]।
১০। সহকারী কমিশনার (ভূমি), ......................... (সকল), নীলফামারী [বিজ্ঞপ্তিটি তার অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]।
১১। জেলা তথ্য অফিসার, নীলফামারী [বিজ্ঞপ্তিটি জেলার প্রতিটি উপজেলায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নীলফামারী।
১৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নীলফামারী [বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
১৪। সম্পাদক,.......................................................................................................................। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ০৪ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি পত্রিকা এ কার্যালয়ের সংস্থাপন শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৫। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।

(স্বাক্ষর) ৩১.০৮.২০২২

জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বাছাই কমিটি
নীলফামারী।